# AKASHVANI(AIR)
# RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 14-02-2026 Time: 1.40 PM**

-

বিশেষ বিশেষ খবর –

১/ রাজ্যে এস আই আর প্রক্রিয়ার শুনানিপর্ব আজ শেষ হচ্ছে।

#শুনানিতে নির্বাচন কমিশন ও সুপ্রিম কোর্টের নির্ধারিত নথিই জমা পড়ছে কি না, জেলা নির্বাচনী আধিকারিকদেরই তা সুনিশ্চিত করতে হবে বলে স্পষ্ট বার্তা কমিশনের।

২/ ভোটার তালিকায় গরমিলের অভিযোগে অভিযুক্ত আধিকারিকদের বিরুদ্ধে এফ আই আর দায়ের-সহ নির্বাচন কমিশনের যাবতীয় নির্দেশ কার্যকর করতে ফের রাজ্য সরকারকে সময়সীমা বেঁধে দিয়েছে নির্বাচন কমিশন।

৩/ রাজ্যের বেকার যুবক-যুবতীদের সঙ্গে যুবসাথী-র আবেদনপত্র বিলির মাধ্যমে সরকার আবারও প্রতারণা করবে বলে বি জে পি দাবি করেছে।

৪/ রাজ্যের জেলাগুলিতে আগামী সাতদিন তাপমাত্রার তেমন কোন পরিবর্তন হবে না বলে আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে।

৫/ কলকাতার ইডেন গার্ডেনসে আই সি সি পুরুষদের টি-২০ ক্রিকেট বিশ্বকাপের ম্যাচে ইংল্যান্ড, স্কটল্যান্ডের মুখোমুখি হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়া - এস আই আর-এর শুনানি পর্ব আজ শেষ হচ্ছে। রাজ্যের মুখ্য নির্বাচনে আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন রাজ্যের সর্বত্রই ভোটারদের শুনানি ইতোমধ্যেই শেষ হয়েছে। শুনানিতে ডাক পাওয়া এক কোটি ৫২ লক্ষ ভোটারের মধ্যে এক কোটি ২৩ লক্ষ ভোটারের নথিপত্র এখনও পর্যন্ত যাচাই করা হয়েছে। প্রায় ৯৭ শতাংশ তথ্য কেন্দ্রীয় পোর্টালে আপলোড করার কাজও সম্পন্ন হয়েছে। শুরু

থেকে এপর্যন্ত এক লক্ষ ৪০ হাজার ভোটারের নাম অযোগ্য বলে চিহ্নিত হয়েছে। এর পরের ধাপে, নথিপত্র যাচাই ও নিষ্পত্তির কাজ শেষ করতে হবে ২১শে ফেব্রুয়ারির মধ্যে।

আগেই জানানো হয়েছে, পূর্ব-নির্ধারিত নির্ঘন্ট অনুসারে আজ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের কথা থাকলেও সুপ্রিম কোর্টের নির্দেশ কার্যকর ক'রে সেই দিনক্ষণ পিছিয়ে দেওয়া হয়। ২৮ ফেব্রুয়ারি তা প্রকাশ করা হবে বলে গত মঙ্গলবার জানিয়েছিল নির্বাচন কমিশন।

ooooooooooooooooooooooooooo

রাজ্যে SIR প্রক্রিয়ার শুনানিতে নির্বাচন কমিশন ও সুপ্রিম কোর্টের নির্ধারিত নথিই জমা পড়ছে কি না, জেলা শাসক তথা নির্বাচনী আধিকারিকদেরই তা সুনিশ্চিত করতে হবে বলে নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে। সোমবার, ১৬ ফেব্রুয়ারি বিকেল ৫টার মধ্যে সব জেলা নির্বাচনী আধিকারিককে, জমা পড়া সমস্ত নথি নিজে যাচাই করে তা নিশ্চিত করতে হবে বলে গতকাল এক বৈঠকে নির্দেশ দেওয়া হয়।

জেলাশাসক, মুখ্য নির্বাচনী আধিকারিক, বিশেষ রোল পর্যবেক্ষক ও অন্যান্য রোল পর্যবেক্ষকদের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ঐ বৈঠকে একাধিক নির্দেশ জারি করা হয়। আগামী মাসের গোড়ায় ডেপুটি নির্বাচন কমিশনার-সহ কমিশনের শীর্ষ কর্তাদের রাজ্য সফরের আগে এই বৈঠক ছিল বিশেষ তাৎপর্যপূর্ণ।

ooooooooooooooooooooooooooo

উত্তর ২৪ পরগনার বাদুড়িয়ায় এস আই আর সংক্রান্ত নথির জন্য ডেকে এক যুবককে খুনের অভিযোগে বি এল ও-সহ দু'জনকে গ্রেফতার করেছে পুলিশ। ধৃতদের জিজ্ঞাসাবাদ করে তল্লাশি চালিয়ে প্যাকেটের মধ্যে ওই যুবকের দেহাংশ উদ্ধার হয়েছে। তবে এখনও মৃতের মাথার খোঁজ মেলেনি। ধৃত রিজওয়ান হাসান মন্ডল ওরফে মন্টু বাদুড়িয়ার পাপিলা ২২ নম্বর বুথের বি এল ও।

জানা গেছে, নাসির আলি নামে বছর ৩৬ এর ওই যুবক গত ৯ ফেব্রুয়ারি সন্ধে থেকে নিখোঁজ ছিলেন। ওই দিন সন্ধ্যায় নাসিরের কাছে এসআইআর সংক্রান্ত কারণে আধার কার্ড ও ভোটার কার্ডের জেরক্স নিয়ে দেখা করতে বলে একটি ফোন আসে। যিনি ফোন করেছিলেন, তিনি নিজেকে এ ই আর ও বলে পরিচয় দেন। এরপর থেকেই তাঁর সন্ধান মেলেনি। সংশ্লিষ্ট বি এল ও রিজওয়ান হাসান মন্ডলকে জিজ্ঞাসাবাদ করে বাদুড়িয়ার বিভিন্ন ব্রিজের তলা এবং খালে তল্লাশি

চালায় পুলিশ। খাল থেকে তিনটি প্যাকেটে নাসিরের দেহাংশ উদ্ধার হয়। এরপরই গ্রেপ্তার করা হয় ওই বি এল ও-কে।

oooooooooooooooooooooooooooo

ভোটার তালিকায় গরমিলের অভিযোগে অভিযুক্ত আধিকারিকদের বিরুদ্ধে এফআইআর দায়ের সহ নির্বাচন কমিশনের যাবতীয় নির্দেশ কার্যকর করতে ফের রাজ্য সরকারকে সময়সীমা বেধে দেওয়া হয়েছে। এ ব্যাপারে কমিশনের আগের নির্দেশ পালন না করায় রাজ্যের মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তীকে গতকাল দিল্লিতে তলব করা হয়। সেখানে কমিশনের শীর্ষ কর্তাদের সঙ্গে বৈঠকে তাঁকে জানাতে বলা হয়, কেন নির্দিষ্ট নির্দেশগুলি এখনও কার্যকর করা যায়নি। নির্বাচন কমিশনের সঙ্গে আলোচনা ছাড়াই কীভাবে রোল অবজারভারদের বদলি করা হল, সে-প্রসঙ্গও বৈঠকে ওঠে।

কমিশন সূত্রে জানা গিয়েছে, বৈঠকে রাজ্য সরকারের কাছে ওই নির্দেশগুলি দ্রুত বাস্তবায়নের নির্দেশ দেওয়া হয়েছে। আগামী ১৭ ফেব্রুয়ারি বিকেল সাড়ে ৫টার মধ্যে সমস্ত পদক্ষেপ সম্পূর্ণ করতে হবে বলে জানিয়েছে নির্বাচন কমিশন।

নির্দিষ্ট সময়ের মধ্যে নির্দেশ পালন করা না হলে পরবর্তী পদক্ষেপ কী হবে, তা নিয়েও প্রশাসনিক মহলে জল্পনা শুরু হয়েছে। কমিশন সূত্রে ইঙ্গিত, নির্ধারিত সময়সীমার পর পরিস্থিতি খতিয়ে দেখে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।

oooooooooooooooooooooooooooo

প্রাথমিক ও উচ্চ প্রাথমিকে কর্মরত শিক্ষকদের সকলকেই টেট পাস করতে হবে বলে সুপ্রিম কোর্ট যে রায় দিয়েছিল, তা' পুনর্বিবেচনার জন্য শিক্ষকরা আজ কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের কাছে আর্জি জানাবেন। তিনি আজ বিজেপির টিচার্স সেলের এক অনুষ্ঠানে যোগ দিতে কলকাতায় আসছেন। সেখানে শিক্ষকদের সঙ্গে তাঁর বিভিন্ন বিষয়ে আলোচনা হওয়ার কথা। শিক্ষকদের একাংশ সেখানে এব্যাপারে কেন্দ্রের অবস্থান স্পষ্ট করার আর্জি জানিয়ে শিক্ষামন্ত্রীর দ্বারস্থ হবেন।

এর আগেও এই রায় পুনর্বিবেচনার আর্জি জানিয়ে শিক্ষা মন্ত্রীকে চিঠি লেখে এরাজ্যের একাধিক শিক্ষক সংগঠন। কিন্তু এখনো তার কোনো সুরাহা হয়নি বলে অভিযোগ।

উল্লেখ্য, যে শিক্ষকরা টেট উত্তীর্ণ নয়, তাঁদের ২'বছরের মধ্যে তা' পাশ করা বাধ্যতামূলক বলে গত সেপ্টেম্বরে রায় দেবার পর এরাজ্যের ৭০ হাজারের বেশী শিক্ষকের চাকরী নিয়ে অনিশ্চয়তার সৃষ্টি হয়।

oooooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২২শে ফেব্রুয়ারী আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩১ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

মন কি বাত এর জন্যে এ বারেও সাধারণ মানুষের পরামর্শ ,বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। MyGov Open Forum কিংবা Narendra Modi App-এ লিখিত বার্তা পাঠানো যাবে। টোল ফ্রি নম্বর - 1800-11-7800 মারফতও বার্তা পাঠানো যাবে।

oooooooooooooooooooooooooo

বিজেপি নেতা তথা রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এক সাংবাদিক বৈঠকে বেকারভাতা প্রসঙ্গে মুখ্যমন্ত্রীর সমালোচনা করে বলেছেন, রাজ্যের যুবদের চাকরি দেওয়ার নাম করে তাদের সঙ্গে বিশ্বাসঘাতকতা করা হয়েছে। ২০১৩ সালে রাজ্য বাজেটে যুব উৎসাহ প্রকল্পের ঘোষণা করা হয়েছিল এবং ৫১ টি কর্ম বিনিয়োগ কেন্দ্র বন্ধ করে এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক চালু করে ১৭ লক্ষ আবেদন পত্র গ্রহণ করা হয়। পরে সেই প্রকল্পের নাম যুবশ্রী রাখা হয় এবং বেকার যুবক যুবতীর আবেদন পত্র গ্রহণ করে তাদের মাসে দেড় হাজার টাকা করে ভাতা দেওয়া চালু হয়। সেই ১৭ লক্ষ আবেদনকারীর ভবিষ্যৎ কি হবে, তা নিয়েও তিনি প্রশ্ন তুলেছেন।

(বাইট – শুভেন্দু)

বেকার যুবক যুবতীদের চাকরি দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে মুখ্যমন্ত্রী ২০১৪ সালে লোকসভা নির্বাচনের বৈতরণী পার হওয়ার চেষ্টা করেছিলেন। এরপর ২০১৭-১৮ অর্থবর্ষ থেকে সেই যুবশ্রী

প্রকল্পের বরাদ্দ বন্ধ হয়ে যায়। বিরোধী দলনেত জানান,আইপ্যাকের পরামর্শে আগামীকাল থেকে প্রতিটি বিধানসভা কেন্দ্রে যুব সাথীর আবেদনপত্র বিলি করে রাজ্যের দু কোটি ১৫ লক্ষ বেকার যুবক যুবতীর সঙ্গে আবারো প্রতারণা করা হবে।

(বাইট – শুভেন্দু)

তিনি বলেন, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ পশ্চিমবঙ্গে ৩ লক্ষ ৫০ হাজার চাকরির যে প্রতিশ্রুতি দিয়েছিলেন। তা ইতোমধ্যেই পূরণ করা হয়েছে।

oooooooooooooooooooooooooo

কলকাতা বিমানবন্দরে আজ সকালে শিলং গামী ইন্ডিগো বিমানে বোমাতঙ্কের জেরে চাঞ্চল্য ছড়ায়। বিমানবন্দর কতৃপক্ষ জানিয়েছে, বিমানের এক কর্মী শৌচালয়ের মধ্যে হুমকি লেখা একটি কাগজ দেখতে পান। তৎক্ষণাৎ যাত্রীদের নামিয়ে বিমানটি সরিয়ে নিয়ে গিয়ে তল্লাশি চালানো হয়। তবে, কিছু পাওয়া যায়নি বলে কর্তৃপক্ষ জানিয়েছে।

oooooooooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার মথুরাপুর থানার অন্ধমুণিতলা এলাকায় এক পথ-দুর্ঘটনায় একাদশ শ্রেণীর দ্বিতীয় সেমেস্টারের এক পরীক্ষার্থীর মৃত্যু হয়েছে। মৃত ছাত্রের নাম ফায়াজ শেখ।

গুরুতর জখম অবস্থায় আরও দুই ছাত্র মাতিন শেখ ও রোহন শেখ ডায়মন্ড হারবার মেডিক্যাল কলেজ ও হাসপাতালে চিকিৎসাধীন। তারা তিনজনই কৃষ্ণচন্দ্রপুর হাই স্কুল-এর ছাত্র। গতকাল ইংরেজি পরীক্ষা দিয়ে বাড়ি ফেরার সময় তাদের স্কুটির সঙ্গে একটি মোটর ভ্যানের সংঘর্ষ হলে এই দুর্ঘটনা ঘটে।

oooooooooooooooooooooooooo

রাজ্যের জেলাগুলিতে আগামী সাতদিন তাপমাত্রার তেমন কোন পরিবর্তন হবে না। সর্বনিম্ন তাপমাত্রা মোটামুটি ভাবে একই রকম থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা ছিল গতকালের মতোই ১৬ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে দেড় ডিগ্রী কম।

সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় কল্যাণীতে ১২ ডিগ্রি সেলসিয়াস । উত্তরবঙ্গের সমতলে সবথেকে কম সর্বনিম্ন তাপমাত্রা ছিল কোচবিহারে ১১ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস ।

আগামী দু'দিন উত্তরবঙ্গের জেলাগুলিতে সকালের দিকে বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি কুয়াশা থাকার সম্ভাবনা রয়েছে।

ooooooooooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগণায় গতকাল থেকে শুরু হয়েছে জেলা লোকসংস্কৃতি, আদিবাসী সংস্কৃতি এবং যাত্রা উৎসব। তথ্য ও সংস্কৃতি বিভাগের উদ্যোগে জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের ব্যবস্থাপনায় এবং রাজপুর - সোনারপুর পুরসভার সহযোগিতায় রাজপুরের জয় হিন্দ অডিটোরিয়ামে এই উৎসব চলবে আগামীকাল পর্যন্ত। তিনদিনের এই আয়োজনে লোকসংগীত, আদিবাসী নৃত্য, পালাগান ও যাত্রাপালার মাধ্যমে জেলার সমৃদ্ধ ঐতিহ্য তুলে ধরা হচ্ছে। এই উৎসব স্থানীয় সংস্কৃতির সংরক্ষণ ও প্রসারের পাশাপাশি নতুন প্রজন্মকে ঐতিহ্যের সঙ্গে যুক্ত করার একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ বলে আয়োজকদের মত।

ooooooooooooooooooooooooooo

কলকাতার ইডেন গার্ডেন্সে আই সি সি পুরুষদের টি-২০ ক্রিকেট বিশ্বকাপের ম্যাচে ইংল্যান্ড, স্কটল্যান্ডের মুখোমুখি হবে। খেলা শুরু হবে দুপুর তিনটেয়। গ্রুপ সি-তে থাকা ইংল্যান্ড ও স্কটল্যান্ড দুই দলই দু'টি করে ম্যাচ খেলে একটিতে জয় পেয়েছে।

ooooooooooooooooooooooooooo

দ্বাদশ ইন্ডিয়ান সুপার লিগ - আই এস এল ফুটবল প্রতিযোগিতা আজ শুরু হচ্ছে। গতবারের চ্যাম্পিয়ন মোহনবাগান সুপার জায়ান্ট, কেরালা ব্লাস্টার্সের বিরুদ্ধে মাঠে নামবে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে বিকেল পাঁচটায়।

মহামেডান স্পোর্টিং আগামীকাল তাদের প্রথম ম্যাচে জামশেদপুর এফ সি-র মুখোমুখি হবে। সোমবার ইস্টবেঙ্গল, নর্থ ইস্ট ইউনাইটেডের বিরূদ্ধে ম্যাচ দিয়ে আই এস এল অভিযান শুরু করবে। ১৪ টি দল এবারের আই এস এল-এ অংশ নিচ্ছে। মোট ৯১ টি ম্যাচ হবে। প্রত্যেক দল একে অপরের বিরুদ্ধে খেলবে।

ooooooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooooooo